R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৪শ বর্ষ
১৩শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৮শে শ্রাবণ বুধবার, ১৪০৪ সাল।
১৩ই আগষ্ট, ১৯৯৭ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## ঘন ঘন লোডশেডিং কর্মচারীদের গাফিলতি না সরকারের অপদার্থতা

রঘুনাথগঞ্জ : এই শহরে দিনে রাতে ঘন ঘন বিদ্যুৎ বন্ধ থাকছে। চব্বিশ ঘন্টায় ৬/৭ ঘন্টা বিদ্যুৎ থাকে। প্রতি এক ঘন্টা অন্তর দীর্ঘ বিরতি। ফলে গমভাঙা মিল, ছাপাখানা, জেরক্স, ফটো ষ্টুডিও প্রায় অচল। পুজো এসে গেল। বস্ত্র ও অন্যান্য ব্যবসায়ীরাও চিন্তিত। ছাত্রছাত্রীদের লেখাপড়া শিকেয় উঠেছে। হাসপাতালে রোগীদের নাভিশ্বাস। অপারেশন থিয়েটারে বিদ্যুতের এই ঘন ঘন আসা-যাওয়ায় অস্ত্রোপ্রচার বিঘ্নিত। এদিকে সরকার বিদ্যুৎ বিলে মিনিমাম চার্জ মাসে ৮০ ইউনিট করে দেওয়ায় বিদ্যুৎ না পেয়েও কনজিউমারসদের পয়সা গুণতে হচ্ছে। এই পরিস্থিতিতে ছাত্র-ছাত্রী, সাধারণ মানুষ, ব্যবসাদার, সকলেই তিতিবিরক্ত হয়ে উঠেছেন। ক্ষোভ ফেটে পড়েছে অরঙ্গাবাদে। সেখানে গৃহবধূরাও আন্দোলনে নেমে বিদ্যুৎ আফসে এসে কর্মীকে লাঞ্ছিত করেছেন। এখানেও (শেষ পৃষ্ঠায়)

## লোকাল কমিটির সম্পাদক ও জেলা কমিটির কার্যকরী সদস্য পদ থেকে তোয়াব আলী অপসারিত

ধুলিয়ান : অরঙ্গাবাদের প্রাক্তন বিধায়ক তোয়াব আলীর সিপিএম পার্টির বিভিন্ন পদাধিকার বাতিল হয়েছে বলে বিশ্বস্তসূত্রে জানা যায়। ১ লক্ষ ২০ হাজার টাকার বোল্ডার কেলেঙ্কারীতে তোয়াব আলীর শ্যালক যোসেফ বিশ্বাসকে জেলা সভাধিপতি নৃপেন চৌধুরীর অভিযোগ মত পুলিশ গ্রেপ্তার করে। পুলিশ এ ব্যাপারে তোয়াব আলীর সামসেরগঞ্জের বাড়ীতেও তল্লাশী চালায়। এ নিয়ে সিপিএমের জেলা কমিটি তোয়াব আলীকে কৈফিয়ৎ চাইলে তিনি যে উত্তর দেন তা নাকি সন্তোষজনক না হওয়ায় দল তাঁকে সবরকম পদাধিকার থেকে সাময়িকভাবে সরিয়ে দিয়েছেন বলে খবর।

## রাজীব গান্ধীর জন্মদিনে সোমেন ও মমতাপন্থীরা প্রস্তুতি নিয়েও দুটি অনুষ্ঠান করছেন না

বিশেষ সংবাদদাতা : আগামী ২০ আগষ্ট রঘুনাথগঞ্জে রাজীব গান্ধীর ৫৩ তম জন্মজয়ন্তী উদযাপন করতে প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র ও যুব কংগ্রেসের সভানেত্রী মমতা ব্যানার্জীর অনুগামীরা জোর কদমে পৃথক পৃথকভাবে নেমে পড়েছিলেন। দুই পন্থীর সমর্থকরা দু'ভাগে ভাগ হয়ে ভিন্ন জায়গায় এবং মঞ্চে ঐ অনুষ্ঠান উদযাপন করার প্রস্তুতিও নিয়েছিলেন এবং কার পেশীর জোর কত তা দেখাতে ঐ দুই পন্থীর নেতারা কে কত হেভিওয়েট বিধায়ক ও কংগ্রেস নেতাকে আনতে পারবেন অনুষ্ঠানে তার প্রতিযোগিতাতেও নেমে পড়েন। কিন্তু সম্প্রতি কলকাতায় এ আই সি সি-র অধিবেশনের পর শোনা যাচ্ছে সোমেন-পন্থী কংগ্রেসের মহকুমার দায়িত্বে থাকা কালু সেখরা অনুষ্ঠান করছেন না। অনুষ্ঠান একটিই হচ্ছে। সেটি জেলা ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক বিকাশ নন্দের পরিচালনায় স্থানীয় কংগ্রেস নেতৃবৃন্দের তত্ত্বাবধানে। ঐ দিনের অনুষ্ঠানে রাজীব গান্ধীর মূর্তি (শেষ পৃষ্ঠায়)

## পাঁচদিন ত্রিপাক্ষিক বৈঠকের পর বিড়ি মজুরী বাড়লো

নিজস্ব সংবাদদাতা : বিড়ি শিল্পীদের মজুরী বাড়ার ব্যাপারে গত ২, ৫, ১৮ জুলাই জঙ্গিপুর এসডিওর প্রচেষ্টায় ত্রিপাক্ষিক বৈঠকের পর জেলা ম্যাজিষ্ট্রেট তাঁর চেম্বারে গত ৩০ জুলাই ও ২ আগষ্ট বহরমপুর সার্কিট হাউসে মালিক ও শ্রমিক পক্ষের সঙ্গে মিলিত হয়ে এক চুক্তিতে আসেন। সর্তানুযায়ী ৪ আগষ্ট থেকে মজুরী ২৪ টাকা থেকে বেড়ে ২৮.২০ টাকা নির্দ্ধারিত হয়। অন্যান্য দাবী লগবুক ও আইডেনটিটি কার্ড প্রভৃতি নিয়ে পরবর্তী বৈঠকে ফয়সালা হবে বলে ঠিক হয়। শ্রমিক পক্ষে ছিলেন আইএনটি ইউসির বেলালউদ্দিন। ইউটি ইউসির প্রদীপ নন্দী, সিটুর চিত্ত সরকার, টিইউসিসির সেখ নেজামুদ্দিন, জেরাত আলী প্রমুখ।

## বিদ্যুৎ নিয়ে কনজিউমারস্ ফোরামের দাবী

রঘুনাথগঞ্জ : গত ১২ আগষ্ট চিত্ত মুখার্জীর নেতৃত্বে কনজিউমারস্ ফোরাম স্থানীয় বিদ্যুৎ সরবরাহ অফিস কার্যত ঘেরাও করেন। তাঁরা দাবী দেন এস এস সাপ্লাই, এ ই মেনটেনেন্স, এ ই কেভি ষ্টেশন তাঁদের সঙ্গে বসে সমস্যা নিয়ে আলোচনা করুন। ট্যাপিং, হুকিং, নানারূপ বিদ্যুৎ চুরি, লোকদীপ প্রকল্পের অপব্যবহার রোধে সচেষ্ট হন। না হলে 'গণ আদালত' করে তাঁরাই বিচারের ভার তুলে নিতে বাধ্য হবেন। তাঁরা এ প্রসঙ্গে আরও বলেন এটা অরঙ্গাবাদ নয়। চিন্তাশীল কনজিউমারসরা সমস্যাটা বোঝেন। এস এস তাঁদের পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন বলে খবর।

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারস্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৮শে শ্রাবণ বুধবার, ১৪০৪ সাল।

## '........হিসাব মিলাতে........'

বর্তমান নিবন্ধ লিখিতে গিয়া দীর্ঘদিন পূর্বে শ্রুত জনৈক ভিক্ষুক যে গান শুনাইয়া ভিক্ষা করিতেছিলেন, মনে পড়িল। গানটির অংশবিশেষ এই রকম:— 'ভাবতে গেলে মায়ের লীলা/ভেবে আত্মহারা হই,/এ লীলার নাই আদি-অন্ত,/জানে না কেউ তোমা বই। /আজ যিনি সিংহাসনে/মহারাজ রাজ্যেশ্বর,/কাল তিনি বৃক্ষতলে/উপবাসে ক্ষীণস্বর ; /আজ যে দীন ভিখারী,/কাল সে রাজ্যাধিকারী,/কত কী আর বলব মা তোর/ সব চিত্রই মধুময়।'

গানটি ভক্তিগীতির পর্যায়ে পড়ে। ভাবুক কবি ঈশ্বরের অপার মহিমার কথা ইহার মধ্য দিয়া যেমন বলিয়াছেন, তেমনি জানাইয়া দিয়াছেন আরও এক তত্ত্বকথা— 'চক্রবৎ পরিবর্তন্তে সুখানি চ দুঃখানি চ'।

একটি বাংলা দৈনিকে প্রকাশিত এক সংবাদ পাঠ করিয়া উক্ত গানটি মনে পড়িল। সংবাদটি এই রকম কলিকাতায় এ আই সি সি-র যে ৮০তম অধিবেশন হইয়া গেল, তাহাতে যোগ দিতে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ও কংগ্রেস সভাপতি শ্রীপিভি নরসিমা রাও আসিয়াছিলেন। কিন্তু বিমান-বন্দরে তাঁহাকে অভ্যর্থনা জানাইতে প্রদেশ কংগ্রেসের কোনও গুরুত্বপূর্ণ ব্যক্তি নাকি হাজির ছিলেন না বলিয়া উল্লেখিত বাংলা দৈনিকের বিমানবন্দর সংবাদদাতার প্রতিবেদনে জানা যায়। নরসিমা রাও গত বৃহস্পতিবার সকালে লোকসভার প্রাক্তন স্পীকার শিবরাজ পাতিল, প্রাক্তন বিদেশমন্ত্রী মাধব সিং সোলাঙ্কি প্রমুখ নেতৃবৃন্দ দিল্লী হইতে কলিকাতায় বিমান হইতে নামিলে রাজ্য কংগ্রেসের কোনও মাপের নেতা তাঁহাদিগকে স্বাগত জানাইতে বিমান বন্দরের আন্তর্জাতিক লাউঞ্জে নাকি উপস্থিত ছিলেন না। অথচ পিভি নরসিমা রাও প্রমুখ নেতাদের আসিবার ১ ঘণ্টা পূর্বে আরও কিছু কংগ্রেসী নেতাকে স্বাগত জানাইতে প্রদেশ কংগ্রেসের বিশিষ্ট ব্যক্তি বিমান বন্দরে অভ্যন্তরীণ লাউঞ্জে নাকি উপস্থিত ছিলেন বলিয়া খবরে জানা যায়। অথচ নরসিমা রাও প্রমুখদের ক্ষেত্রে কেন ব্যতিক্রম ঘটিল, তাহা বুঝা যায় না।

বিমান বন্দরের সংবাদদাতার প্রতিবেদন যদি সত্য হয়, তবে তাহা যে প্রদেশ কংগ্রেসের নেতাদের মুখ উজ্জ্বল করিবে না, এবং তাহা যে একটা বিরাট গাফিলতি, ইহা অনস্বীকার্য।

পি ভি নরসিমা রাও বর্তমানে ভারতের প্রধানমন্ত্রী নহেন, কিন্তু এক সময় ত তিনি ছিলেন। তিনি বর্তমানে কংগ্রেস সভাপতি নহেন, কিন্তু এক সময় তাহা ছিলেন। বর্তমান কংগ্রেস দলে তাঁহার এখনও কোন পদ না থাকিলেও একটা মর্যাদা নিশ্চয়ই আছে। কিন্তু ঘটনাচক্রে তাহা বিস্মৃত হওয়া সমীচীন নয় বলিয়াই মনে হইতে পারে। প্রদেশ কংগ্রেস নেতৃত্বের নিকট হইতে সাধারণ শিষ্টাচার অবশ্যই আশা করা যায়। নরসিমাজি যখন ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন, তখন তিনি কলিকাতায় আসিয়া কী বিরাট উষ্ণ অভ্যর্থনা পাইয়াছিলেন এবং পশ্চিমবঙ্গে আয়োজিত এ আই সি সি-র ৮০তম অধিবেশনে যোগ দিতে আসিয়া তিনি কী পাইলেন, তাহার হিসাব মিলাইতে তাঁহার মন রাজী না হইলেও সাধারণ মানুষ, তৃণমূলস্তরের কংগ্রেসীরা কী ভাবিতে পারেন ?

## ।। কালজয়ী তারাশঙ্কর ।।

### মানিক চট্টোপাধ্যায়

জীবন কি ছোট ? এ প্রশ্ন আপেক্ষিক। অথবা তত্ত্বধর্মী। তবে জীবনের ব্যাপ্তি বিশাল। বিচিত্র ধরনের ঘটনা ঘটে এই জীবনে! এই ছোট জীবন—জীবনচর্যার বিভিন্ন দিক অন্তরঙ্গভাবে তুলে ধরেছেন রাঢ়-বাংলার এক যথার্থ চালচিত্রকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। এই শ্রাবণেই তাঁর জন্মশতবর্ষের সূচনা ঘটল তাঁর 'ধাত্রী-দেবতা'র প্রাঙ্গণে। '১৮৯৮ সালে জুলাই মাসে—বাংলা ১৩০৫ সালে ৮ই শ্রাবণ সূর্যোদয়ের ঠিক পূর্বলগ্নে আমার জীবনযাত্রার শুরু।' ( আমার কালের কথা—তারাশঙ্কর )

প্রত্যেক কথাশিল্পীর একটি মানস বিচরণ ক্ষেত্র থাকে। কারণ সাহিত্য স্রষ্টা সমাজ বা পরিবেশ বিবিক্ত মানুষ নন। তা ইএকটি বিশেষ পরিবেশ বা ভূসংস্থান উপন্যাসের পটভূমি রচনা করে। তারাশঙ্করের উপন্যাসের পটভূমি রাঢ়বাংলা। তাঁর উপন্যাসের উপাদানগুলি বিশ্লেষণ করলেই রাঢ়-বাংলা সুস্পষ্টভাবে ধরা পড়ে। উপাদানগুলি হল : ক) ভূপ্রকৃতির বিশিষ্টতা খ) জীবন আচরণের বিভিন্ন দিক—সামাজিক, অর্থ-নৈতিক ইত্যাদি। গ) আঞ্চলিক সংস্কৃতির বিভিন্ন দিক ঘ) ভাষা ঙ) নিম্নশ্রেণীর চরিত্র চ) ক্ষয়িষ্ণু জমিদারতন্ত্র ও উদীয়মান ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সংঘাত—নূতন নূতন কলকারখানা, মিলমালিক, শ্রমিক দলের অভ্যুত্থান। ছ) স্বাধীনতা আন্দোলনের ঢেউ ও গ্রামীণ চরিত্র। জ) চিরন্তন গ্রামীণ সংস্কৃতি ও আধুনিক সভ্যতার অভিঘাত। ঝ) বৈষ্ণব ও বাউল সম্প্রদায় এবং তাদের জীবনচর্যা। তারাশঙ্কর তাঁর প্রত্যেকটি উপন্যাসের নায়ক নায়িকাদের কাছ থেকে প্রত্যক্ষ করেছেন। তিনি বলেছেন—'আমার কবি উপন্যাসের বণিক মাতুলের চায়ের দোকানে গিয়ে বসি। চা খাই। তাদের সঙ্গে গল্প করি।' এই সব গল্পের মুগ্ধ শ্রোতা হল নিতাই বাউরী, সতীশ ডোম, যোগেশ বৈরাগীদের দল। মাঝে মাঝে চুল বেঁধে এসে দাঁড়ায় নসুবালার মত মেয়েরা। এদের নিয়েই তারাশঙ্কর গল্প লিখেছেন। এরাই বাংলাদেশের শতকরা আশিজ.নর প্রতিনিধি। তারাশঙ্কর তাদেরই প্রবক্তা। তাই নীলকণ্ঠ, ধাত্রীদেবতা, কবি, পঞ্চগ্রাম, গণদেবতা, আরোগ্যনিকেতন, হাঁসুলী বাঁকের উপকথা থেকে শুরু করে তাঁর সমস্ত রচনাতেই এই সমস্ত মানুষদের পদধ্বনি।

তারাশঙ্করের জন্মশতইর্ষ বর্ষব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপিত হবে। তেভাগা আন্দোলনের পঞ্চাশ বর্ষপূর্তি—স্বাধীনতার সুবর্ণজয়ন্তী—নেতাজী সুভাষ-চন্দ্রের জন্মশতবর্ষ। এরই সাথে যুক্ত হল তারাশঙ্কর জন্মশতবর্ষ। এ বড়ই তাৎপর্যপূর্ণ। তারাশঙ্কর আঞ্চলিক হয়েও সার্বজনীন। তাঁর বিভিন্ন চরিত্র সৃষ্টি কালজয়ী। তাঁর সৃষ্ট সাহিত্য এক পৃথক জগৎ—এক পৃথক পৃথিবী সৃষ্টি করেছে। তাঁর উপন্যাসের মধ্যে যে জীবন জিজ্ঞাসা এবং জীবনের অতলান্ত রহস্য জটিলতার ইঙ্গিত আছে—এগুলি তারাশঙ্করকে শঙ্কীর্ণ আঞ্চলিক সংজ্ঞার বন্ধন থেকে মুক্ত করে বিশ্বজনীনতার দ্বারপ্রান্তে উপনীত করেছে।

## ব্লক বিড়ি মজদুর এণ্ড প্যাকার্স ইউনিয়নের ষষ্ঠ সম্মেলন

রঘুনাথগঞ্জ: গত ২৭ জুলাই স্থানীয় মালডোবা হাই স্কুলে রঘুনাথগঞ্জ ১নং ব্লক বিড়ি মজদুর এণ্ড প্যাকার্স ইউনিয়নের ষষ্ঠ সম্মেলন অনুষ্ঠিত হয়। ১১০ জন প্রতিনিধি অনুষ্ঠানে যোগ দেন। পতাকা উত্তোলন, শহীদ বেদিতে মাল্যদান প্রভৃতির মধ্য দিয়ে অনুষ্ঠান সমাপ্ত হয়। সম্মেলনে নওসাদ আলি ও উদয় ঘোষকে সভাপতি ও সম্পাদক পদে পুনর্নির্বাচিত করে ৩৮ জনের একটি কার্য্যকরী কমিটি গঠিত হয়।

## আলোচনাচক্রে মহাশ্বেতা দেবী

নিজস্ব সংবাদদাতা: মুর্শিদাবাদ জেলা সংবাদিক সংঘের আলোচনাচক্রে আগামী ২৩ আগষ্ট বহরমপুর রবীন্দ্রসদনে উপস্থিত থাকছেন সদ্য ম্যাগ্‌সাইসাই পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট সাহিত্যিক এবং সমাজসেবী মহাশ্বেতা দেবী। 'সাংবাদিকতা ও মূল্যবোধ'—বিষয়ে বক্তব্য রাখবেন তিনি।

## স্বামীকে আহত করে ঘর থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ

রঘুনাথগঞ্জ : এই থানার পঞ্চবটি গ্রামে গত ২ আগষ্ট ঘরে ঢুকে স্বামী সুবোধ সরেনকে আহত করে তাঁর স্ত্রী সুখী মার্ডিকে রাত ১২টা নাগাদ ঐ গ্রামেরই দীপক ঘোষ তুলে নিয়ে যায় বলে খবর। পরে তাকে পঞ্চবটী নদীর ধারে জঙ্গলে ধর্ষণ করে ফেলে রেখে যায়। সুখী মার্ডির অভিযোগ মত ৩ আগষ্ট রঘুনাথগঞ্জ থানায় অভিযোগ দায়ের করা হয়। সুখীর ডাক্তারী পরীক্ষা হয়েছে। এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

### লায়ন্স ক্লাবের নবম বোর্ডের অভিষেক

রঘুনাথগঞ্জ : গত ৯ আগষ্ট স্থানীয় সদরঘাট মিউনিসিপাল গেষ্ট হাউসে লায়ন্স ক্লাব অফ জঙ্গিপুরের নবম বোর্ড কমিটির অভিষেক হ'ল। অনুষ্ঠানে লায়ন প্রদীপ আগরওয়াল (পিডিজি) কমিটির নতুন সদস্যদের সঙ্গে সকলের পরিচয় করিয়ে দেন। লায়ন রাজকুমার আগরওয়াল নতুন ১২ জন সদস্যকে শপথ পাঠ করান। ক্লাবের বিদায়ী সভাপতি পার্থসারথি নাথ ৯৭-৯৮ নতুন বর্ষের জন্য নির্বাচিত সভাপতি অসীমকুমার চন্দ্রর হাতে কার্যভার তুলে দেন। নতুন বোর্ডের সম্পাদক ও কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন যথাক্রমে স্বপন সিংহ রায় ও সুবীরকুমার দে। অনুষ্ঠানে এখানকার বিভিন্ন ক্লাব ও লায়নদের বিশেষভাবে পুরস্কৃত করা হয়।

## মাছ চাষ প্রকল্প ও জলাভূমি দিবস উদযাপিত

সাগরদীঘি : গত ২৯ জুলাই জেলার মৎস্য সহ-অধিকর্তা মৎস্য সঞ্চার প্রকল্পের মাধ্যমে ভাগীরথী নদীতে ১০ কুইন্টাল চারাপোনা ছাড়েন। এই উপলক্ষে বালিয়া নেতাজী সংঘ প্রাঙ্গণে জলাভূমি দিবস উদযাপন করেন এই পঞ্চায়েত সমিতির সভাপতি উত্তম মুখার্জী। জেলা মীণ আধিকারিক প্রকল্প ব্যাখ্যা করে বলেন জল দূষণের ফলে ভাগীরথীতে মাছ উৎপাদন ব্যাহত হচ্ছে। মাছ চাষ প্রকল্পে রাজ্যের ৫টি জেলাতে পুকুরে ৫ লক্ষ চারাপোনা ছাড়া হচ্ছে। বিডিও অজয় ঘোষ বলেন মানুষকে এই মাছগুলির প্রতি যত্ন নিতে হবে। জলসম্পদের উন্নতি ছাড়া মাছ বাঁচতে পারে না। পুকুর বিল বুজিয়ে দেওয়ায় জলাভূমি নষ্ট হচ্ছে। মাটির নীচে জলস্তরে জল সঞ্চিত হচ্ছে না। সমাজসেবী কমলারঞ্জন প্রামাণিক তাঁর বক্তব্যে বলেন—হিন্দুরা জলকে নারায়ণ ও মাছকে নারায়ণের অবতার বলেন। সেইজন্য নারায়ণের আবাসস্থল জলাভূমিকে তাঁরা পবিত্র রাখার চেষ্টা করতেন। পুষ্করিণী প্রতিষ্ঠা ও সংস্কার পুণ্যকর্ম বলে গণিত হতো। মৎস্য সহ-অধিকর্তা পুকুর বুজিয়ে ফেলাকে অপরাধ ও শাস্তিযোগ্য বলে মন্তব্য করেন।


**কার্ডস ফেয়ার**

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

ফোন : ৬৬২২৮


## রবি মঞ্চের ২২শে শ্রাবণ স্মরণসভা

রঘুনাথগঞ্জ : গত ৭ আগষ্ট রবি-মঞ্চের পরিচালনায় রঘুনাথগঞ্জের ইন্দিরাপল্লীতে রবীন্দ্রনাথ ঠাকুরের ছাপান্নতম মহাপ্রয়াণ দিবস পালিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্থার সভাপতি রাজেন্দ্রপ্রসাদ লালা ও প্রধান অতিথি ছিলেন ধূর্জটি বন্দ্যোপাধ্যায়। ধূর্জটি বন্দ্যোপাধ্যায় এর মনোজ্ঞ ভাষণ এবং মঞ্চ সভ্যদের আবৃত্তি ও কবিতা পাঠ অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে।

### আঁকুড়া ব্রীজের উপর যুবক খুন

ধুলিয়ান : গত ৪ আগষ্ট সমসেরগঞ্জ থানার অন্তর্দীপা গ্রামে আবদুল খালেক (২৬) নামে এক যুবক খুন হন। ঐ দিন বেলা ১১ টায় আঁকুড়া ব্রীজের উপর মেয়ে সংক্রান্ত ঘটনায় ঐ থানার কৃষ্ণপুর গ্রামের তুষু সেখ (৪০) হাঁসুয়ার কোপে আবদুলকে খুন করে বলে অভিযোগ। এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

### বিদ্যুৎ না থাকায় বেহাল অবস্থা

সাগরদীঘি : এই গ্রুপ ইলেকট্রিসিটি অধীনে মনিগ্রামে একেবারে বিদ্যুৎ থাকছে না বলে গ্রামবাসীদের অভিযোগ। প্রকাশ কণ্ট্রোলে কেরোসিন তেল নাই তাই সকলকেই এই ঘন বর্ষায় অন্ধকারে রাত্রি যাপন করতে হচ্ছে। খাদ্য ব্যবস্থা সঙ্কটজনক। দীর্ঘদিন থেকে বিদ্যুৎ না থাকায় হাসকিং কলগুলি চলছে না। এই সুযোগে গ্রামের দোকানদাররা চড়া দামে চাল গম বিক্রয় করছে। যাদের টাকা পয়সা নাই তারা অনাহারে দিনযাপন করছে।

### টি ইউ সি সির ৪র্থ সম্মেলন

ধুলিয়ান : গত ২৬ থেকে ২৮ জুলাই টিইউসিসির ৪র্থ সম্মেলন নেতাজীনগর বেলাল ভবন ডাকবাংলোতে অনুষ্ঠিত হয়। প্রায় ৩০০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। উদ্বোধনী সভায় বক্তব্য রাখেন সরল দেব, ডেপুটি স্পিকার অনিল মুখার্জী, রাজ্য কমিটি ও কেন্দ্রীয় কমিটির সদস্য সাংসদ জয়ন্ত রায় ও আনিসুর রহমান প্রমুখ। ডেপুটি স্পিকার বামপন্থী আন্দোলনের পূর্ব দিনের কথা স্মরণ করে বক্তব্য রাখেন। স্থানীয় আর. এম. সির পক্ষ থেকে প্রিন্সিপ্যাল মার্কেট তৈরীর দাবী রাখা হয়। ৩১ জনের এক কাউন্সিল বোর্ড গঠিত হয়। সাধারণ সম্পাদক নির্বাচিত হন বিভাস চক্রবর্তী।


**ETDC**

( A unit of Govt. of West Bengal )

Stands for Quality & Reliability



## পরলোকগমন

গত ২৬শে শ্রাবণ ( ইং ১১/৮/৯৭ ) সোমবার রাত্রি ২-২২ মিনিটে রঘুনাথগঞ্জ ফাঁসিতলা সুভাষপল্লী নিবাসী ৺উপেন্দ্রনাথ দাসের সহধর্মিণী সাবিত্রীবালা দাস হৃদরোগে আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৬। তিনি বর্তমানে চার পুত্র ও দুই কন্যা রেখে গেছেন। পুত্ররা হলেন বীরেন্দ্রনাথ দাস, হীরেন্দ্রনাথ দাস, শৈলেন্দ্রনাথ দাস ও গঙ্গাসাগর দাস। কন্যারা হলেন আরতি দাস ও দীপালি বসু। এছাড়া তিনি পুত্রবধূ, জামাতা ও নাতি-নাতনীদের রেখে গেলেন। ( Ad. )


পছন্দসই টেকসই
সব বয়সেই মানানসই

### রঘুনাথগঞ্জ ব্লক নং-১
### রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল, জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

সনাতন দাস — সভাপতি
ধনঞ্জয় কাদিয়া — ম্যানেজার
সনাতন কালিদহ — সম্পাদক



আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

### ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ
( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার, কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


**সরকারের অপদার্থতা** ( ১ম পৃষ্ঠার পর )

যে অবস্থা তাতে গণ বিক্ষোভ ফেটে পড়ে কর্মীদের নাজেহাল করতে পারে। বিদ্যুৎ কর্মীরা বলছেন—তাঁরা আপ্রাণ চেষ্টা করেও লোকাল ফল্ট রুখতে পারছেন না। ট্রান্সফরমার পুরোনো। তাই প্রায়ই অকেজো হয়ে পড়ছে। কিন্তু সাধারণ মানুষ বিদ্যুৎ কর্মীদের কথায় বিশ্বাস করতে পারছেন না। কেননা বামফ্রন্ট সরকার যে এতটা অপদার্থ তা ভাবতে তাদের মন চায় না। তারা মনে করছেন বিদ্যুৎ কর্মীরাই তাদের গাফিলতি ঢাকতে সরকারের বিরুদ্ধে এ সব মিথ্যা অভিযোগ আনছে। সাধারণ মানুষের ধারণা দল নেতাদের চাপে কারিগরী জ্ঞানহীন কর্মী নিয়োগ করা হয়েছে, যারা যন্ত্রের ত্রুটি ধরতেই পারছে না। ফলে ক্ষোভ বাড়ছে কর্মীদের উপর। তাই এই ধূমায়িত ক্ষোভ হঠাৎ ফেটে পড়ে কর্মীদের বিপদগ্রস্ত করলে অবাক হবার কিছু নাই। বিদ্যুৎ বিভাগ সূত্রে জানা যায় মহকুমার অধিকাংশ ট্রান্সফরমারই পুরাতন। জেলা সদরে কোন ট্রান্সফরমার মজুত নাই। কৃষ্ণনগর থেকে রিপেয়ার ট্রান্সফরমার এনে কোন রকমে লাইন চালু রাখা হচ্ছে। প্রয়োজনীয় ট্রান্সফরমারের অভাবে অনেক অঞ্চলই অন্ধকারে থাকছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে চিত্ত মুখার্জীর নেতৃত্বে স্থানীয় কনজিউমারস্ ফোরাম থেকে বিদ্যুৎ সরবরাহ অফিসে এক গণ-ডেপুটেশন দেওয়া হয় গত ১১ আগষ্ট। এবং যথাশীঘ্র বিদ্যুৎ বিপর্যয় দূর করে স্বাভাবিক অবস্থা চালু করার দাবী জানানো হয়।

**দুটি অনুষ্ঠান করছেন না** ( ১ম পৃষ্ঠার পর )

বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। বিরাট করে শোভাযাত্রা করারও পরিকল্পনা রয়েছে। বিকাশ নন্দরা প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রসহ এলাকার বিধায়কদের নিয়ে আসছেন বলে জানা যায়। এলাকার দুই বিধায়ক জঙ্গিপুরের হবিবুর রহমান ও সুতীর মহঃ সোহরাব আমাদের জানান, কংগ্রেসের অফিস ব্যানারের অনুষ্ঠানেই আমরা হাজির থাকবো।


**বিশেষ আকর্ষণ ঃ** বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিন্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।

### বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নং ঃ গনকর ৬২০২৯


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।